

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নম্বরঃ ৫৪১

১১/ জানাযা (كتاب صلاة الجنائز)

পরিচ্ছেদঃ ১১/১০. অধিক আত্নাদ করা।

التشديد في النياحة

আরবী

حديث أم عطية، قالت: أخذ علينا النبي صلى الله عليه وسلم عند البيعة أن لا ننوح، فما وقت منا امرأة غير خمس نسوة: أم سليم، وأم العلاء، وابنة أبي سبرة امرأة معاذ، وامرأتين؛ أو ابنة أبي سبرة، وامرأة معاذ، وامرأة أخرى

বাংলা

৫৪১. উম্মু আতিয়াহ (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাই'আত গ্রহণকালে আমাদের কাছ হতে এ অঙ্গীকার নিয়েছিলেন যে, আমরা (কোন মৃতের জন্য) বিলাপ করব না। ... আমাদের মধ্য হতে পাঁচজন মহিলা উম্মু সুলাইম, উম্মুল আলা, আবু সাবরাহর কন্যা মু'আযের স্ত্রী, আরো দু'জন মহিলা বা মু'আযের স্ত্রী ও আরেকজন মহিলা ব্যতীত কোন নারীই সে ওয়াদা রক্ষা করেনি।

ফুটনোট

সহীহুল বুখারী, পূর্ব ২৩: জানাযা, অধ্যায় ৪৬, হাঃ ১৩০৬; মুসলিম, পর্ব ১১: জানাযা, অধ্যায় ১০, হাঃ ৯৩৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উম্মু আতিয়াহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=42767>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন